# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার
# কার্যবিবরণী জানুয়ারি/২০২৫

সভাপতি: মো: আমিনুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার,
কাহারোল, দিনাজপুর।

তারিখ: ০৯/০১/২০২৫ খ্রি:
রোজ: বৃহস্পতিবার
সময়: সকাল ১১ ঘটিকা।
স্থান: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ

আলোচ্য সূচী: ০১। রবি/২০২৪-২৫ মৌসুমে ফসলের আবাদ পরিস্থিতি ও আন্ত:পরিচর্যা প্রসঙ্গে।
০২। সার পরিস্থিতি
০৩। বিবিধ।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি বিষয় ভিত্তিক আলোচনা করার জন্য উপজেলা কৃষি অফিসার মহোদয়কে অনুরোধ জানান। সভায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি ও সেচ কমিটি, কাহারোল, দিনাজপুর জানান যে, রবি/২০২৪-২৫ মৌসুমে কাহারোল উপজেলায় আলু ৪০১০ হেক্টর, সরিষা ৯০০ হেক্টর, গম ৭৫ হেক্টর, শাকসবজি ৫৫৫ হেক্টর ও বোরো বীজতলা উফশী ২৪৭ এবং হাইব্রিড ৩২ হেক্টর মাঠে দন্ডায়মান আছে। উক্ত ফসলগুলোর উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আলুর ব্লাইট রোগ, গমের পাতার ব্লাইট ও শিষ ব্লাস্ট, শাকসবজির বিভিন্ন রোগ ও পোকামাকড় এবং শীতের প্রকোপ থেকে বোরো বীজতলা রক্ষার জন্য মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠে কৃষকগণকে নিয়মিত পরামর্শ প্রদান করছেন। উপজেলা কৃষি অফিসার আরও জানান যে, ডিলার পর্যায়ে ইউরিয়া ৩৫০ মে. টন, টিএসপি ১২০ মে. টন , ডিএপি ২৩০ মে. টন এবং এমওপি ২৫০ মে. টন সার মজুদ রয়েছে।

সিদ্ধান্তঃ ১- আলুর ব্লাইট রোগ, গমের পাতার ব্লাইট ও শিষ ব্লাস্টসহ অন্যান্য ফসলগুলোকে রোগবালাই থেকে রক্ষা করতে হবে। এছাড়াও বোরো বীজতলা শীতের প্রকোপ থেকে রক্ষার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত মাঠ পরিদর্শন অব্যাহত রাখবেন।

সিদ্ধান্তঃ ২- সার উত্তোলন, সরবরাহ, বিক্রয় ও মজুদ পরিস্থিতি যেন সঠিকভাবে পরিচালিত হয় সেজন্য নিয়মিত ডিলারগণকে নির্দেশনা প্রদান করা এবং দোকান পরিদর্শন করে সারের সাপ্লাই চেইন সচল রাখা, যেন কৃষক হয়রানির শিকার না হন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত ঘোষণা করেন।

মো: আমিনুল ইসলাম
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিতি

তারিখ: ০৯/০১/২০২৫ খ্রি:

| ক্রমিক নং | উপস্থিত সদস্যবৃন্দের পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, ৪ নং তারগাঁও ইউনিয়ন পরিষদ, কাহারোল, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। | সদস্য সচিব | |